

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
১৬, আবদুল গণি রোড, ঢাকা।
website: www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.১৫০.১৭.

তারিখ : /০৪/২০১৭ খ্রি:।

বিষয় :- অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-১৭ এর আওতায় অভ্যন্তরীণভাবে সংগ্রহতব্য সিদ্ধ ও আতপ চালের বিভাগ, জেলা ও উপজেলাভিত্তিক বিভাজন অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : খাদ্য মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০২.২০১৭-২২, তারিখ ২৫-০৪-২০১৭ইং।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকে অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০১৭ এর আওতায় সিদ্ধ ও আতপ চাল সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

- (ক) ২০১৭ সালের বোরো মৌসুমে ৭,০০,০০০ (সাত লাখ) মেঃটন সিদ্ধ চাল ও ১,০০,০০০ (এক লাখ) মেঃটন আতপ চাল সংগ্রহ করতে হবে;
- (খ) চালের সংগ্রহ মূল্য প্রতিকেজি সিদ্ধ চাল ৩৪.০০ (চৌত্রিশ) ও আতপ চাল ৩৩.০০ (তেত্রিশ) টাকা;
- (গ) চাল সংগ্রহের সময়সীমা ০২ মে, ২০১৭ খ্রিঃ তারিখ হতে ৩১ আগস্ট, ২০১৭ খ্রিঃ পর্যন্ত;
- (ঘ) বোরো সংগ্রহ/১৭ এর আওতায় সিদ্ধ ও আতপ চালের জন্য মিলারদের সাথে চুক্তির সময়সীমা ২০/০৫/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত;
- (ঙ) মিলারদের প্রদেয় বস্তার জামানত মূল্য ৩০ কেজি ধারণক্ষম বস্তার প্রতিটির জন্য ৬০.০০ (ষাট) টাকা;
- (চ) কোন মিলার চুক্তিকৃত চাল কোন কারণে ১৫ দিনের মধ্যে সরবরাহ দিতে ব্যর্থ হলে পরিস্থিতি বিবেচনা করে তাকে তার আবেদন অনুযায়ী অতিরিক্ত সর্বোচ্চ ৩০ দিন সময় প্রদান করা। এই অতিরিক্ত সময়ের মধ্যে উক্ত মিলার চাল প্রদানে ব্যর্থ হলে তার বরাদ্দ বাতিল করে তার অসরবরাহকৃত সম্পূর্ণ বা আংশিক চাল অন্য সক্ষম মিলারের অনুকূলে বরাদ্দ প্রদান;
- (ছ) অটোমেটিক রাইস মিলের অনুকূলে দৈনিক ১৬ ঘন্টা ছাঁটাইক্ষমতার ভিত্তিতে পাক্ষিক ছাঁটাই ক্ষমতা অনুযায়ী বরাদ্দ প্রদান;
- (জ) সরবরাহকৃত চালের মূল্য ডব্লিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট মিলারের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ;
- (ঝ) বিগত ২০১৬-১৭ আমন সংগ্রহ মৌসুমে যুক্তিসঙ্গত কারণ ব্যতীত কোন মিলার চুক্তি না করে থাকলে তাকে পরবর্তী সর্বোচ্চ ৪ সংগ্রহ মৌসুমের জন্য এবং চুক্তি করে চাল দিতে ব্যর্থ হয়ে থাকলে পরবর্তী সর্বোচ্চ ২ সংগ্রহ মৌসুমের জন্য চুক্তি থেকে বারিত রাখা। তবে জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি চুক্তি থেকে বারিত রাখার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন;
- (ঞ) সংগ্রহ নীতিমালার অনুচ্ছেদ ১৭(খ) এর নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কমিটিকে সংগ্রহকরা পণ্যের মান যাচাই করে মান বিশ্লেষণ প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করতে হবে। এ প্রতিবেদনের তথ্য পরবর্তীতে যাচাই করে সঠিক পাওয়া না গেলে উক্ত কমিটিকে এর জন্য দায়ী করা হবে;
- (ট) উল্লিখিত নির্দেশাবলীর অনুসরণে কার্যক্রম গ্রহণ করে প্রতিমাসের শেষ সপ্তাহে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগে প্রতিবেদন এবং খাদ্য মন্ত্রণালয়ের সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগকে অনুলিপি প্রেরণ করবেন। প্রতিবেদনে তার নজরে আসা অধিক্ষেত্রের সংগ্রহ সংক্রান্ত অনিয়ম ও গৃহীত কার্যক্রমের বিবরণ থাকবে;
- (ঠ) বোরো সংগ্রহের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে লক্ষ্যমাত্রার পুরো চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে;
- (ড) এ ছাড়াও অভ্যন্তরীণভাবে বোরো সংগ্রহ কার্যক্রম চলমান অবস্থায় সরকার কর্তৃক জারীকৃত নির্দেশনা অনুসরণ করতে হবে; এবং
- (ঢ) উপরে বর্ণিত নির্দেশাবলী অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১০ এর কোন অনুচ্ছেদের সাথে সাংঘর্ষিক হলে এই নির্দেশাবলী বহাল থাকবে।

